

২৫  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর অফিস কক্ষ।

তারিখ: ২১/১২/২১ খ্রি:

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি হলো নাগরিক ও সেবাদাতাগণের মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বর্ণনা ও করণীয় উল্লেখ থাকবে। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী ুবভাগয়ি দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।


১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ক্ষেত্রে প্রতিশ্রুত সেবা সমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, ও আভ্যন্তরীণ সেবা ক্যাটাগরিতে বিন্যস্ত করতে হবে।

৩. উপজেলা মৎস্য দপ্তরের ওয়েবপোর্টালে সিটিজেন চার্টার বিষয়ক সেবা বক্সটি মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর অনুকরণে পুন: বিন্যাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. ওয়েব পোর্টালে উক্ত সেবা বক্সের আওতায় ফোকাল পয়েন্ট ও বিকল্প কর্মকর্তার তথ্যাদি আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
21.12.21  
(সুজন চন্দ্র বর্মেন)

সম্প্রসারণ কর্মকর্তা

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর

ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।